দৈনিক ইত্তেফাক

APR. 13 2002

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

ডঃ আশরাফ সিদ্দিকী ফাউন্ডেশন পদক পেলেন পাঁচজন নারী

ডঃ আশরাফ সিদ্দিকী ফাউন্ডেশন পদক ২০০১,২০০২ পেয়েছেন: ডঃ রাবেয়া খান্দকার উদ্দিন, সাহিত্য সেবা ও শিক্ষা কর্মের জন্য মীনা আজিজ, ভ্রমণ সাহিত্য রচনার জন্য ঝর্ণা দাস পুরকায়স্থ, সাহিত্য সেবার জন্য বেগম রাজিয়া হোসাইন, কবিতা কর্ম ও শিশু সেবার জন্য এবং লাভলী চৌধুরী, সাহিত্য সেবার জন্য।

রাবেয়া খান্দকার উদ্দিন — ঝর্ণা দাস পুরকায়স্থ — রাজিয়া হোসাইন — মীনা আজিজ — লাভলী চৌধুরী

বাংলাদেশ লেখিকা সংঘের ২৯৬ম প্রতিষ্ঠাবার্ষিকীতে এই পুরস্কারের ঘোষণা করা হয়। অনুষ্ঠানের প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন সংস্কৃতি বিষয়ক প্রতিমন্ত্রী বেগম সেলিমা রহমান। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কবি জাহানারা আরজু এবং ডঃ নিয়াজ জামান। ডঃ আশরাফ সিদ্দিকী প্রধান অতিথি ছিলেন অনুষ্ঠানের ২য় অধিবেশনে। প্রথম অধিবেশনে উক্ত পুরস্কার ঘোষণা করা হয়। শীঘ্রই আনুষ্ঠানিকভাবে এই পুরস্কার প্রদান করা হবে।

গত ৭ বছর ধরে মহিলাদের বিভিন্ন ক্ষেত্রে অবদানের স্বীকৃতি দিয়ে উৎসাহিত করার লক্ষ্যে এই পুরস্কার দেয়া হচ্ছে। ডঃ সিদ্দিকীর প্রয়াত স্ত্রী সাইদা সিদ্দিকী এই ফাউন্ডেশনটি গড়ে তুলেছিলেন। সাঈদা সিদ্দিকী আলিমপুর গার্লস হাইস্কুলে ৩৫ বছর শিক্ষকতা করেন। তিনি সর্বশ্রেষ্ঠ শিক্ষক হিসাবে রাষ্ট্রীয় পুরস্কার পান। ❑ নিজস্ব প্রতিনিধি